তারিখ: ডিসেম্বর ২০০৯

৭৮ কোয়েকার স্ট্রীট, লন্ডন ই১ ৬এস, ডবলিউ ফোন ঃ ০২০৭ ৩৯২ ৫৪০০, ফ্যাক্স ঃ ০২০৭ ৩৯২ ৫৪০১, www.spitalfieldsha.

for better homes, the better choice is

Spitalfields
Housing Association Ltd
স্পিটালফিল্ডস্ হাউজিং এসোসিয়েশন লি:

বিশেষ প্রয়োজনীয় তথ্যাবলীঃ

-রেসিডেন্ট এস্টেট ইন্সপেক্টর-ট্রেইনিং এবং সম্মানি (বেতন) এর সুযোগ

- টেন্যান্টদের বিস্তারিত বিবরণ সংগ্রহ

- পার্কিং বিষয়ক তথ্য

মেরী খ্রীষ্টমাস

ও

শুভ নববর্ষ

খ্রীষ্টমাস এর জন্য অফিস আগামী ২৪শে ডিসেম্বর ২০০৯ বৃহস্পতিবার বিকাল ৩টা থেকে ৪ই জানুয়ারী ২০১০ সোমবার সকাল ৯:৩০ এর পূর্ব পর্য্যন্ত বন্ধ থাকবে

খ্রীষ্টমাস এর ১১ দিন ছুটির সময়কালীন সময়ে আমরা শুধুমাত্র **জরুরী** মেরামত কাজসমূহ সম্পাদন করবো।

আপনার যদি কোন জরুরী মেরামত কাজের প্রয়োজন হয় তবে অনুগ্রহপূর্বক ০২০৭ ২৪৭ ২২৪৬ বা ০৭৯৪৭ ৮৭৫ ৫৪৪ নম্বরে ও, সি, সি, কে কল করবেন।

একটা জরুরী মেরামত কি হতে পারে?

- বৈদ্যুতিক গরম পানি ও হিটিং এর সমস্যাদি
- লিফট নষ্ট হয়ে যাওয়া
- টয়লেটসমূহ, রান্নাঘরের সিঙ্ক ও বাথসমূহের আটকানো অবস্থা নিরসন
- ভাঙ্গা দরজা ও জানালাসমূহ নিরাপদকরন
- তালা ব্যবহারের মাধ্যমে প্রোপার্টিসমূহের নিরাপত্তা নিশ্চিতকরন
- কোন একটা ঘটনার পর বিক্ষিপ্ত ধ্বংশাবশেষসমূহ পরিস্কার করন
- নর্দমাসমূহ ও পয়ঃনিস্কাশন প্রনালীসমূহের আটকে পড়া অবস্থা নিরসনকরন
- বৈদ্যুতিক ত্রুটিসমূহ সনাক্তকরন
- গ্যাস লীকসমূহ, বিদ্যুৎ বিঘ্নতা, পানি সরবরাহে বিঘ্নতা

গ্যাস বোয়লার এবং সেন্ট্রাল হিটিং এর জন্য রোবারট হিত হিটিংকে ০২০৭ ২৪৭ ৬৭৪৪ অথবা ০২০৮ ৩৩৬ ৬৭৬৭ নম্বরে কল করুন।

আপনার পানি, বিদ্যুৎ বা গ্যাস বন্ধ হয়ে গেলে বা কোন লিক পাওয়া গেলে অনুগ্রহপূর্বক প্রথমেই নিম্নের নম্বরসমূহে যোগাযোগ করবেন ঃ

পানি সরবরাহে ব্যর্থতা ঃ
থেমস্ ওয়াটার ০৮৪৫ ৯২০ ০৮০০

গ্যাস লীক বা সরবরাহে ব্যর্থতাঃ
ট্রান্সকো ০৮০০ ১১১ ৯৯৯

বিদ্যুৎ সরবরাহে ব্যর্থতা বা বিপদজনক ত্রুটিসমূহঃ ০৮০০ ০২৮ ০২৪৭

আমাদের কিছু সংক্ষক বাসিন্দাদের জন্য ভিন্ন ব্যবস্থাদি

জরুরী বয়লার / হিটিং / গরম পানির মেরামত সার্ভিস:

ল্যাথাম হাউজ এর ভাড়াটিয়াদের জন্য

অনুগ্রহপূর্বক **০৮৪৫০৭০১৭৬১** নম্বরে পারগাসকে কল করুন।

লিফট মেরামতের এবং এন্ট্রি ফোনের জন্য অনুগ্রহপূর্বক নীচতলায় কন্সিয়ার্জ কল করুন।

অনুগ্রহপূর্বক শুধুমাত্র জরুরী প্রয়োজনে উপরোক্ত নম্বরসমূহ ব্যবহার এর মাধ্যমে আমাদের সহযোগীতা করুন

টেন্যান্টদের সম্মেলন টেন্যান্টদের সম্মেলন

গত ৫ ডিসেম্বার ২০০৯ তারিখে ডেভেন্যান্ট সেন্টারে আমরা আমাদের দ্বিতীয় বাৎসরিক টেন্যান্ট সম্মেলনের আয়োজন করেছিলাম। ২৭ জন প্রতিনিধি এই সম্মেলনে অংশ নিয়েছিলেন, এর ভেতরে ছিলেন দুজন টেন্যান্ট বোর্ড সদস্য এবং একজন বাসিন্দা নন এমন বোর্ড সদস্য।

এই সম্মেলনের লক্ষ্যের ভেতরে ছিল আমরা ২০০৯ এর জানুয়ারীতে অনুষ্ঠিত গত সম্মেলনে যেসব কথা বলেছিলাম সেগুলি কতটুকু বাস্তবায়ন করেছি এবং আমাদের এপর্যন্ত অর্জিত অগ্রগতির ব্যাপারে বাসিন্দাদের মতামত পর্যালোচনা করা, বাসিন্দাদের অংশগ্রহন আমাদের উপরে কতটুকু প্রভাব রেখেছে সেটি বিবেচনা করা, বিদ্যমান লক্ষ্যমাত্রা পূণরায় নির্ধারণ করা এবং নতুন লক্ষ্য ঠিক করা। বিকেলের সেশানে কাউন্সিলার মার্ক ফ্রান্সিস বাসিন্দাদের লেটিং পলিসির পর্যালোচনা ও কনসাল্টেশান প্রক্রিয়া সম্বন্ধে অবহিত করেন এবং প্রতিনিধিদের থেকে পার্কিং সমস্যা, রি-হাউজিংয়ের জন্য ওয়েটিং লিস্ট, নিরাপত্তা দরজা ও ইত্যাদি সম্বন্ধে প্রশ্নের উত্তর প্রদান করেন।

গতবার টেন্যান্টরা আমাদের যা বলেছিলেন তার উপরে ভিত্তি করে আমরা উন্নয়নের জন্য ৫টি অগ্রাধিকারের ক্ষেত্র নির্বাচন করেছি: এগুলি হল কাস্টমার কেয়ার, কমিউনিকেশান (যোগাযোগ), মেরামত ও রক্ষণাবেক্ষণ, উন্নয়ন ও টেন্যান্টদের অংশগ্রহন।

আমরা ১৫ বছরের কম বয়সী বাচ্চাদের জন্য লাঞ্চ এবং ক্রেশের ব্যবস্থা করেছিলাম। যেসব বাসিন্দারা এদিন উপস্থিত ছিলেন তারা সবাই তাদের সময় ও সুচিন্তিত মতামত প্রদানের কৃতজ্ঞতা স্বরুপ ১৫ পাউন্ডের গিফট্ ভাউচার পেয়েছিলেন। এদিন যেন সবাই পরিপূর্ণভাবে অংশ নিতে পারেন সেটি নিশ্চিত করার জন্য আমরা এদিন দোভাষী হিসাবে বাংলাভাষী বক্তার ব্যবস্থা রেখেছিলাম।

এই সম্মেলনের একটি সারসংক্ষেপ ২০১০ সালের মার্চে পরবর্তী সংখ্যাতে প্রকাশ করা হবে। যারা এদিন এসেছিলেন এবং দিনটিকে উপভোগ্য করে তুলেছিলেন তাদের সবাইকে আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। খুব শীঘ্রই আবারো আপনার সাথে আমাদের দেখা হবে।

উন্নয়ন কর্মসূচী

এ্যাবি ন্যাশনালের সাথে স্পিটালফিল্ডস্ ১০ মিলিয়ন পাউন্ডের একটি লোন ফ্যাসিলিটি (ঋণ সুবিধা) অনুমোদন করেছে এবং বর্তমানে আমাদের বেশ কিছু উন্নয়ন সহযোগীদের (ডেভলাপমেন্ট পার্টনার) সাথে কাজ করছে। সম্প্রতি আমাদের বোর্ড অফ ম্যানেজমেন্ট চারটি নতুন স্কিমের অনুমোদন দিয়েছে যেগুলির ভেতরে মোট ১০৪টি ইউনিট রয়েছে। এই স্কিমের ভেতরে আছে কাস্পিয়ান ওয়্যার্ফ (লাইমহাউজ), সেন্ট এ্যান্ড্রুজ হসপিটাল (পপলার), এলফ রো (ওয়্যাপিং) এবং ফেয়ার হাউজ (বেথনাল গ্রীন), এই সবগুলির নির্মাণ কাজ ২০১০এর ডিসেম্বারের ভেতরে শেষ হবে।

রোমান রোড

৫৫২-৫৫৮ রোমান রোডের পূণঃউন্নয়নের জন্য স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশানের ১.৩ মিলিয়ন পাউন্ডের কর্মসূচী বিরাট সাফল্য অর্জন করেছে যেটি নিয়ে সবাই গর্বিত হতে পারে। আশা করা হচ্ছে যে এর মাধ্যমে একটি প্রাণবন্ত কিন্তু অনুন্নত এলাকার ভাবমূর্তী উজ্জ্বল হবে এবং এই এলাকা বসবাসের জন্য একটি উন্নত জায়গাতে পরিণত হবে। রোমান রোড হল আমাদের জানামতে ব্রিটেনের সবচেয়ে পুরাতন ব্যবসার রাস্তা যেটি ইস্ট এন্ডের কেন্দ্রস্থলে অবস্থিত এবং এটি ব্যস্ত রোমান রোড মার্কেটের হোম হিসাবে পরিচিত। এই প্রোজেক্টের মাধ্যমে ২টি শপ ইউনিট ভেঙ্গে ফেলা হবে, বর্তমানে যে শপ ইউনিট আছে তার উপরে একটি কনক্রিট স্টিল ফ্রেম গড়ে তোলা হবে এবং ৩ তলা সমান উঁচু কাঠের ফ্রেমের একটি ভবন নির্মাণ করা হবে যেটিতে বারটি দুই বেডরুম ফ্ল্যাটে ১২টি আবাসিক ইউনিট ও চার ব্যক্তির ফ্ল্যাট থাকবে, এটি একটি কেন্দ্রীয় সিড়ির চারপার্শ্বে নির্মাণ করা হবে যেখানে একটি কমিউনাল ছাঁদ ও পেছনে টেরেস থাকবে। আপনি যদি কোন শপ ইউনিটের জন্য আগ্রহী হন তাহলে ওমার মাপারাকে 0207 392 5400 নাম্বারে ফোন করুন।

স্পিটালফিল্ডস্ তাদের মানচোন হাউজের নির্মাণ কাজের নাম নিয়েছে এই এ্যাসোসিয়েশানের একজন স্থপতি আব্দুল মান্নানের স্মরণে, তিনি সম্প্রতি ইন্তেকাল করেছেন। জনাব মান্নান এই কমিউনিটিতে অত্যন্ত সক্রিয় ছিলেন এবং তিনি আমাদের বোর্ডে চেয়ার হিসাবে বেশ কিছু বছর যাবৎ দায়িত্ব পালন করেছেন।

ডিনমন্ট এস্টেট

বুধবার ৩০ সেপ্টেম্বার ২০০৯ তারিখে আহমেদ আদাম ওমার (টাওয়ার হ্যামলেটসের মেয়র), এ্যান্তনি মায়ের (টেন্যান্ট সার্ভিসেস্ অথরিটির চেয়ার) এবং লোকাল কাউন্সিলাররা স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশানের ডিনমন্ট এস্টেট স্কিমের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে আমরা বেশ কিছু সংখ্যক গণ্যমাণ্য ব্যক্তিকে আমাদের অতিথি হিসাবে স্বাগত জানাতে পেরে আনন্দিত, এর মাধ্যমে ডিনমন্ট এস্টেটের ৩ মিলিয়ন পাউন্ডের সংস্কার কর্মসূচী সম্পন্ন হওয়া উদ্‌যাপন করা হয়েছে। এই উন্নয়নের ফলে ডিনমন্ট এস্টেটের ঘরের মান ডিসেন্ট হোমস্ স্ট্যান্ডার্ডের তুলনায় অনেক ভাল হয়েছে।

ডিনমন্ট এস্টেটে ১০৬টি ঘর আছে যেগুলি হাউজিং চয়েজ প্রক্রিয়ার অংশ হিসাবে কাউন্সিল আয়োজীত একটি বিশেষভাবে সফল ভোটের শেষে স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশানের কাছে হস্তান্তরিত হয়েছিল। এই কাজের ভেতরে আছে নতুন গোসলখানা, রান্নাঘর, জানালা, হিটিং এবং বৈদ্যুতিক ব্যবস্থা স্থাপন করা। এছাড়াও কমিউনাল এলাকাতে বড় মাপের কাজ করা হয়েছিল এবং পরিবেশগত উন্নয়ন কাজের ভেতরে ছিল নতুন এন্ট্রি সিস্টেম, প্লে এরিয়া, প্ল্যান্টিং, পারগোলা এবং নতুন ফ্লোর সারফেসিং।

বিনামূল্যে ঋণ পরামর্শ

সাম্প্রতিক অর্থনৈতিক দূর্দশায় অনেকে আর্থিক সমস্যায় পতিত হয়েছেন এবং তাদের পক্ষে ক্রিসমাস পালন করা বেশ কষ্টসাধ্য হয়ে দাড়াচ্ছে। ঋণে জর্জরিত হলে আপনি শুধুমাত্র আর্থিক সহায়সম্পত্তিই হারান না বরং এর ফলে আপনি আপনার বুদ্ধি-বিবেচনা ও মঙ্গলের চিন্তাভাবনা হারাতে পারেন কারণ আপনি হয়ত এর থেকে পরিত্রাণ পাবার পথ দেখছেন না। গঠণমূলক ও সহানুভূতিশীল সাহায্য পেলে আপনি এই ঋণ সমস্যা থেকে বের হয়ে আসতে পারেন এবং আশার আলো দেখতে পাবেন, এর ফলে আপনি সমস্যার থেকে ভারমুক্ত হতে পারবেন।

এই এ্যাসোসিয়েশান যেসব বাসিন্দাদের সাহায্য প্রয়োজন তাদেরকে বিনামূল্যে স্বাধীন ও গোপন ঋণ পরামর্শ দিয়ে থাকে। যদি আপনি আমাদের ঋণ উপদেষ্টার (ফেয়ার ফাইন্যান্স) কাছে যাবার সুপারিশ পেতে অথবা এই সেবা সম্বন্ধে আরো তথ্য জানতে চান তাহলে দয়া করে আপনার হাউজিং অফিসারের সাথে যোগাযোগ করুন।

অপ্রয়োজনীয় আসবাবপত্র ও বড় আকারের সরঞ্জাম

আবারো বছরের সেই সময়টি এসে হাজির হয়েছে যখন আমাদের ভেতরে কিছু সৌভাগ্যবান ব্যক্তি একটি নতুন টিভি অথবা ডিভিডি প্লেয়ার পেতে পারেন। আপনার আনন্দের কারণে অন্য কারো ক্রিসমাস যেন নষ্ঠ না হয় সেদিকে লক্ষ্য রাখবেন। আপনার পুরাতন সরঞ্জাম এস্টেটে অথবা বিন রুমে ফেলে রাখবেন না। কাউন্সিল আপনাদের জন্য বিনা খরচে এই অপ্রয়োজনীয় আসবাবপত্র ও বড় আকারের সরঞ্জাম সংগ্রহের জন্য সমগ্র বারাতে একটি সেবা প্রদান করে। শুধুমাত্র 0207 364 5004 নাম্বারে ফোন করে এ্যাপয়েন্টমেন্ট ঠিক করুন অথবা আপনি www.towerhamlets.gov.uk ঠিকানায় অনলাইনে যেয়ে একটি বিশেষ কালেকশানের আয়োজনের জন্য রিসাইক্লিং, রাবিশ এবং আবর্জনার অংশ দেখুন।

টেন্যান্সি অডিট

আপনাদের ভেতরে কারো সাথে ইতিমধ্যে হয়ত তাদের হাউজিং অফিসার আপনার টেন্যান্সি অডিট নিয়ে যোগাযোগ করেছেন। এখানে আপনার বাসায় এসে আপনার হাউজিং অফিসার আপনার সাথে দেখা করেন এবং আপনারা দুজনে একসাথে একটি সংক্ষিপ্ত ফরম পূরণ করেন এবং যারা আপনার বাসায় বাস করেন তাদের সাম্প্রতিক তথ্য প্রদান করবেন।

আপনি যদি ইতিমধ্যে আপনার হাউজিং অফিসারের সাথে মিলে এই টেন্যান্সি অডিট পূরণ না করে থাকেন এবং একটি এ্যাপয়েন্টমেন্ট করতে চান তাহলে মেইন অফিসকে 0207 392 5400 নাম্বারে ফোন করুন অথবা সরাসরী আপনার হাউজিং অফিসারের সাথে যোগাযোগ করুন (ফারুক উদ্দীন 0207 392 5415 অথবা নুরুল ইসলাম 0207 392 5406)

রেসিডেন্ট এস্টেট ইন্সপেক্টর

আপনার এস্টেট পরিচ্ছন্ন, আবর্জনামুক্ত ও দেয়াললিখনমুক্ত আছে কিনা সেটি সুনিশ্চিত করতে এবং এদিন উপস্থিত বাসিন্দাদের সাথে দেখা করার জন্য প্রতি মাসে একবার আপনার হাউজিং অফিসার আপনার এস্টেট পরিদর্শন করেন। আপনি আমাদের ক্লিনিং কন্ট্রাক্টরের কার্যকারীতা পরিদর্শন ও তার উপরে রিপোর্ট করার সাথে অংশ নিতে পারেন, আপনি একজন রেসিডেন্ট এস্টেট ইন্সপেক্টর হয়ে ভবিষ্যতে ক্লিনিং কন্ট্রাক্টর নিয়োগে আপনার মতামত রাখতে পারেন। প্রতি মাসের এস্টেট পরিদর্শনের জন্য আপনাকে ১০ পাউন্ড দেয়া হবে এবং আপনাকে প্রশিক্ষণ প্রদান করা হবে। আপনি যদি এতে যোগাদানের ব্যাপারে আগ্রহী হন তাহলে দয়া করে মুরসেলিন ইসলামের সাথে 02073925407 নাম্বারে য়োগাযোগ করুন।

টেন্যান্টদের বিস্তারিত বিবরণ সংগ্রহ

আমরা যে সেবা দেই সেটি যেন আপনার চাহিদা পূরণ করে সেটি নিশ্চিত করার জন্য এবং যাদের বিশেষ চাহিদা আছে তাদেরকে যেন আমরা ভুলে না যাই বা তারা যেন বাদ না পড়েন সেটি নিশ্চিত করার জন্য আমরা টেন্যান্টদের বিস্তারিত বিবরণ সংগ্রহের কর্মসূচী বাস্তবায়ন করি, এর মাধ্যমে আমরা আপনার থেকে ব্যক্তিগত পরিস্থিতি ও চাহিদা সম্বন্ধে যতটুকু সম্ভব তথ্য সংগ্রহ করি - যেমন, যদি আপনার ডিজএ্যাবিলিটি থাকে অথবা চলাফেরা করতে যদি আপনার সমস্যা থাকে তাহলে আগামী কয়েক মাসে শাহিদুর রহমান এবং আয়েশা আলী আমাদের সাথে কাজ করবেন, টেলিফোনের মাধ্যমে এই জরিপ পরিচালনা করা হবে, সুতরাং আপনি তাদের থেকে ফোন পেতে পারেন।

খায়রুন নেসা, মেইনটেন্যান্স এ্যাসিস্টেন্ট

অক্টোবার মাস খায়রুন নেসা একজন মেইনটেন্যান্স এ্যাসিস্টেন্ট হিসাবে আমাদের মেইনটেন্যান্স টীমে যোগদান করেন। খায়রুন মেরামত ও সংস্কার বিষয়ক প্রশ্নের উত্তর দিয়ে থাকেন, আমরা যে মেরামত কাজ করি তিনি সেই মেরামতের আগে ও পরে সেটি পরিদর্শন করেন এবং একই সাথে ফোনের মাধ্যমে আপনার সন্তুষ্টি জানার জন্য জরিপের আয়োজন করেন। আপনি 0207 392 5426 নাম্বারে তাঁকে ফোন করতে পারেন।

পার্কিং বিষয়ক তথ্য

আপনার পার্কিং পারমিট নবায়ন করার জন্য আপনাকে অবশ্যই আমাদের অফিসে নিচের ডকুমেন্টগুলি নিয়ে আসতে হবে:

বৈধ ইন্সুরেন্স সার্টিফিকেট
গাড়ীর লগ বুক
বৈধ এমওটি
বৈধ ট্যাক্স ডিস্ক

দয়া করে দন্ড এড়ানোর জন্য আপনার জন্য সুনির্দিষ্ট বেতে সবসময় আপনার পার্কিং পারমিট প্রদর্শন করুন। যদি আপনার বাড়তি তথ্যের দরকার হয় তাহলে দয়া করে আমাদের সাথে 020 7392 5400 নাম্বারে যোগাযোগ করতে দ্বিধা করবেন না।

ট্যানেন্টস্ নিউজ

আপনার প্রতিবেশে কি হচ্ছে তা আমাদেরকে এবং অন্যান্য বাসিন্দাদের জানানোর নিমিত্তে এ স্হানটুকু আমরা আপনাদের জন্য খালি রাখতে চাই।

আপনি কি ভাড়াটিয়াদের সভা ও কমিউনিটি কার্যক্রমসমূহ সংগঠিত করে থাকেন ? আমরা এখানে তা বিস্ত ারিতভাবে প্রকাশ করতে চাই যাতে আমাদের আরো অধিক সংখ্যক ভাড়াটিয়া তাতে সম্পৃক্ত হতে পারেন।

আপনার কি এমন কোন পারিবারিক খবর রয়েছে যার সম্পর্কে অন্যান্য বাসিন্দাদের অবহিত করতে চান ? এখানে আমরা তাঁদেরকে সাম্প্রতিক জন্ম, বিবাহ এবং মৃত্যু সম্পর্কে জানাতে পারি।

অনুগ্রহপূর্বক murselin@spitalfieldsha.co.uk ঠিকানায় ই-মেইল এর মাধ্যমে আপনার নিউজ পাঠাবেন

যোগাযোগ রাখুন, নিরাপদ থাকুন

সেইফার নেইভরহুড টীম (এস, এন, টি,) এর দায়িত্ব ও কর্তব্য হচ্ছে কমিউনিটির সমস্যাবলী মোকবেলা ও সমাধান করা; যেমন - সমাজ বিরোধী আচরন, অপরাধমুলক ক্ষয়ক্ষতি, পরিত্যাক্ত গাড়ীসমুহ ও কুরুচিপূর্ন দেয়াল লিখন। তাঁরা রাস্তায় সশরীরে উপস্থিত থেকে, বাসিন্দাগন, কমিউনিটি গ্রুপসমুহ ও সংস্থাসমুহের সাথে কথা বলার মাধ্যমে এসব কাজ করে থাকেন। তাঁরা স্থানীয় অভিজ্ঞতাসমুহ একত্রিত করে থাকেন এবং অপেক্ষাকৃত ভালো পুলিশিং এ সহায়তা করার নিমিত্তে এসব অভিজ্ঞতা ব্যবহার করে থাকেন।

এস, এন, টি, ২৪ ঘন্টাব্যাপী সাড়া প্রদান সেবা প্রদান করতে পারে না। এটা পুলিশ রেসপন্স টীম এর অফিসারদের দ্বায়িত্ব ও কর্তব্য ।

আপনার স্থানীয় এস, এন, টি, এর সঠিক বিবরন নিম্নে প্রদান করা হলো। যে কোন যোগাযোগ যার জন্য একটা জরুরী সাড়া প্রদান এর প্রয়োজন হতে পারে সে সকল ক্ষেত্রে এ সকল যোগাযোগের ঠিকানাসমুহ ব্যবহার করা যাবে না।

জরুরী ক্ষেত্রে ৯৯৯ নম্বরে ডায়াল করুন।

মেট্রোপলিটন পুলিশ সার্ভিসে অন্যান্য কল সমুহের জন্য ০৩০০ ১২৩ ১২১২ নম্বরে ডায়াল করুন।

বেথনাল গ্রীন নর্থ টীম ,
ফোন ঃ ০২০ ৮৭২১ ২৮৫১, ০৭৮৮৭ ৬৩৪ ৫৪৮।
BethnalGreen-North.snt@met.police.uk

বেথনাল গ্রীন সাউথ টীম
ফোন ঃ ০২০ ৮৭২১ ২৮৪৯, ০৭৮৮৭ ৬৩৩ ৪৫৮
BethnalGreen-South.snt@met.police.uk

বো ইষ্ট টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮০৭, ০৭৮১৮ ০৭৬ ১৯৯
BowEast.snt@met.police.uk

ব্রোমলি বাই বো টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২০৪১, ০৭৮৪৩ ২৯১১২১
BromleyBy-Bow.snt@met.police.uk

ইষ্ট ইন্ডিয়া এ্যান্ড ল্যান্সবারী টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮০৬, ০৭৮১৮ ০১২ ০৮২
EastIndia.Lansbury.snt@met.police.uk

লাইম হাউজ টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮৫২
Lime-House.snt@met.police.uk

মাইল এন্ড ও গ্লোব টাউন টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮৫৩, ০৭৭৭১ ৯৪১ ৪১১
MileEnd.GlobeTown.snt@met.police.uk

মাইল এন্ড ইষ্ট টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮৪৮, ০৭৭৬৯ ৬৪১ ৮৪৯
MileEn-dEast.snt@met.police.uk

স্পিটালফিল্ডস্ এ্যান্ড বাংলা টাউন টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২০৪২,
Spital-fields.snt@met.police.uk

সেন্ট ডানষ্টানস্ এ্যান্ড ষ্টেপনী টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮০৮, ০৭৮১৮ ৪৫২ ১৭৮
StDun-stans.Stepney.snt@met.police.uk

সেন্ট ক্যাথেরিন'স এন্ড ওয়াপিং টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২৮৫৪, ০৭৮৮৭ ৮২১ ৮১৬
StKatharines.Wapping.snt@met.police.uk

হোয়াইট চ্যাপেল টীম
ফোনঃ ০২০ ৮৬৪৯ ৩৫২০, ০৭৮৪৩ ০৬৫ ৮৬৭
White-Chapel.snt@met.police.uk

উইয়েভারস্ টীম
ফোনঃ ০২০ ৮৭২১ ২০৪৩, ০৭৮৪৩ ২৯১ ১২৩
Weavers.snt@met.police.uk

খ্রীষ্টমাস ও নববর্ষে বর্জ্য আবর্জনা ও রিসাইক্লিং সংগ্রহসমুহ

তারিখ সমুহ ডিসেম্বর মাসে www.towerhamlets.gov.uk/data/environment ওয়েবসাইটে এবং ***'ইষ্ট এন্ড লাইফ'*** পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হবে। আপনি যদি বিনামূল্যে একটা বৃহদাকার আবর্জনার বিশেষ সংগ্রহের জন্য অনুরোধ করতে চান তবে প্রথমে আপনার স্বাভাবিক বর্জ্য ও রিসাইক্লিং সংগ্রহের দিন কোনটি তা জানুন, পাবলিক হলিডে এর সময়কালীন সংগ্রহের তারিখ সমুহ সম্পর্কে জানুন; অতঃপর ০২০৭ ৩৬৪ ৫০০৪ নম্বরে টেলিফোন করুন, বা ০২০৭ ৩৬৪ ৩১২১ নম্বরে ফ্যাক্স করুন। কিংবা generalenquiries@towerhamlets.gov.uk ঠিকানায় ই-মেইল করুন।

অনুগ্রহপূর্বক এ খ্রীষ্টমাসে আপনার প্রতিবেশীদর প্রতি বিবেচনা প্রসূতঃ হোন এবং যেখানে ও যখন আবর্জনা ফেলা উচিৎ নয় সেখানে ও সে সময়ে আপনার আবর্জনা ফেলবেন না।